মুজিবনগরে সড়ক দূর্ঘটনায় ৪ জন আহত

মুজিবনগরে ২টি মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ৪ জন আহত হয়েছে। শনিবার দুপুর ১ টা ৩০ মিনিটের উপজেলা গেট-থানা গেটের মাঝামাঝি এ দূর্ঘটনা ঘটে।
এতে করে ৪ জনের ভিতরে ২ জন গুরুতর আহত হওয়ায় তাদের দুইজনকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
আহতরা হলেন, জয়পুর হাটের দিলিপ হরিজনের ছেলে বকুল (২৭),মেহেরপুর বামনপাড়ার অজয়ের ছেলে তাপস(২২),মেহেরপুর হালদার পাড়ার সোহেলের ছেলে রামা(২০) ও মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের নাসির উদ্দীনের ছেলে মফিজুল(২৭)।
জানা গেছে,মফিজুল মুজিবনগর থেকে তার নিজ গ্রাম পুরন্দরপুরে মটরসাইকেলে করে একা একা যাচ্ছিলো।অপরদিক থেকে মেহেরপুরের দিক থেকে বকুল,তাপসও রামা মটরসাইকেলবেগে মুজিবনগরের দিকে দ্রুত গতিতে যাওয়ার সময় মফিজুলের গাড়ির সাথে ধাক্কা লাগলে সকলেই মাটিতে লুটিয়ে পরে। পরে মুজিবনগর থানার এস আই ইকবাল ও এএসআই আক্তার দেখতে পেয়ে দ্রুত মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্সে নিয়ে আসলে সেখানে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। এদের ভিতর মফিজুল অবস্থা আশঙ্খাজনক হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

আলমডাঙ্গায় হার্টের অসুস্থতায় হারদি হাসপাতালের বাথরুমে রোগীর আত্নহত্যা

হার্টের অসুস্থতাজনিত কারণে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গলায় ফাঁস লাগিয়ে এক বৃদ্ধা মহিলা আত্নহত্যা করেছে । আজ শনিবার (১১ সেপ্টেম্বর) দিবাগত রাত ১০ টায় হারদি হাসপাতালের বাথরুমে ওড়না পেঁচিয়ে আত্নহত্যা করে। বৃদ্ধা মহিলা হারদি কুয়াতলা গ্রামের

রসুলের স্ত্রী মালেকা খাতুন (৬৫)।

স্থানীয় ও হাসপাতাল সূত্রে জানাযায়, আলমডাঙ্গার হারদি ইউনিয়নের কুয়াতলা গ্রামের দিনমজুর রসুলের স্ত্রী দীর্ঘদিন হার্টসহ বিভিন্ন রোগে ভুগছিলো। গত ৮ সেপ্টেম্বর রাত ৮টার দিকে মুমূর্ষু অবস্থায় ভর্তি করে বৃদ্ধা মালেকা খাতুনকে।

হারদি হাসপাতালে গত তিন দিন চিকিৎসা নিয়ে সে সুস্থতা বোধ করছিলো বলে জানান কর্তব্যরত চিকিৎসক। শুক্রবার রাত ১০ টার দিকে মহিলা ওয়ার্ডের বাথরুমে গলায় ওড়না জড়িয়ে আত্নহত্যা করে।

রাতে মহিলা ওয়ার্ডের চিকিৎসারত এক রোগী বাথরুমে গেলে তার ঝুলন্ত লাশ দেখে চিৎকার করলে কর্তব্যরত ডাক্তার ও রোগীরা ছুটে গিয়ে তাকে উদ্ধার করে।

আলমডাঙ্গা হারদি স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা: মাসুক রহমান জানান, গত ৮ সেপ্টেম্বর রাতে বৃদ্ধা মহিলাকে তার স্বামী ভর্তি করে। তার শারীরিক অবস্থা উন্নতি হলেও শুক্রবার রাতে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার এসআই সঞ্জিত কুমার শনিবার সকাল ১১ টায় হাসপাতালে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে। আত্নহত্যা ঘটনায় বাদি না হওয়ায় বৃদ্ধা মহিলার পরিবারের নিকট লাশ হস্তান্তর করে।

দর্শনা প্রেসক্লাবে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান’র বিদায় সংবর্ধনা

‘যেতে নাহি দিব হায়’ তবুও যেতে দিতে হয়, তবুও চলে যায় এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দর্শনা প্রেসক্লাবে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৫ টায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে বিদায়ী সংবর্ধণা জানানো হয় উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানকে।

অনুষ্ঠানে প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের প্রানবন্ত উপস্থাপনায় আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল।

আলোচনা অনুষ্ঠানের শুরুতেই প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এসময় সাংবাদিকদের মধ্যে আরও উপস্থিত ছিলেন, রাজিব মল্লিক, সাব্বির আলীম, হাসমত আলী, ইমতিয়াজ আহমেদ রয়েল, ফরহাদ হোসেন, আ. হান্নান, সুজন, ওয়াসিম রয়েল, আ. রহমান, আবিদ হাসান রিফাত প্রমুখ।

অনুষ্ঠানের শেষে “দর্শনার জন্য আমরা” সংগঠনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক দেয়া হয় বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানকে। সংবর্ধণা প্রদান করেন, “দর্শনার জন্য আমরা” সংগঠনের আহ্বায়ক আনোয়ারুল ইসলাম বাবু সহ সংগঠনের সদস্য বৃন্দ।

হরিণাকুণ্ডুতে বিপ্লবী বীর বাঘাযতীনের ১০৬তম মৃত্যুবার্ষিকী পালিত

বৃট্রিশ বিরোধী আন্দোলনের বিপ্লবী বীর, সশস্ত্র যুগান্তর দলের প্রধান বিপ্লবী বাঘাযতীনের ১০৬ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার সকালে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার রিশখালী গ্রামে এই বীবের পৈতৃক ভিটায় অবস্থিত তার ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেণ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন ও উপজেলা

নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

এ সময় বিপ্লবী বাঘাযতীন একাডেমির সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা ইউপি চোয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।

কিউবায় ফিদেল কাস্ত্রোর সঙ্গে সফল বিপ্লবের পর বলিভিয়ায় গিয়েছিলেন আরেকটি বিপ্লবের প্রত্যয় নিয়ে। বলিভিয়াতে থাকার সময় তিনি সিআইএ (সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি) মদদপুষ্ট বলিভিয়ান বাহিনীর হাতে ধরা পড়েন।

১৯১৫ সালের ১০ সেম্পেম্বর, বলিভিয়ার শহর লা হিগুয়েরাতে বলিভিয়ার সেনাবাহিনী তার মৃত্যদন্ড কার্যকর করে।

জাতীয় নদী রক্ষা কমিশনের নবগঙ্গা নদীতে জরিপের কাজ পরিদর্শন

জাতীয় নদী রক্ষা কমিশনের প্রতিনিধিগণ নবগঙ্গা নদীতে জরিপের কাজ পুরদশর্নের উদ্দেশ্যে হলিধানী ইউনিয়নের নাটাবাড়ীয়া গ্রামে নবগঙ্গা নদীতে আসেন। গত বৃহস্পতিবার দুপুরে তারা এই জরিপের উদ্দেশ্যে আসেন।

এসময় উপস্থিত ছিলেন জাতীয় নদী রক্ষা কমিশনের প্রোগ্রাম অফিসার মোঃ জিয়াউল হক, হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান, হলিধানী ইউনিয়নের সচিব মোঃ শওকত আলী নদীরক্ষা কমিশনের ফিল্ড অফিসার মোঃ আনারুল ইসলাম, মোঃ শহিদুল ইসলাম, মোছাঃ ফেরদৌসী রিনি এবং ৪নং হলিধানী ইউনিয়নের ৪নং ওয়ার্ড মেম্বার মোঃ আবুল হোসেন।

জরিপ শেষে কিভাবে নদী খনন করা যায় এবং নদী খনন না করলে কি কি সমস্যা হচ্ছে সেই বিষয়ে এলাকার মানুষ কথা বলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

আসরের ১৪২৫ তম পদধ্বনি অনুষ্ঠিত

সাহিত্য থেকে আবৃতি, স্বরচিত লেখা পাঠ এবং আলোচনা সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের শহীদ আলাউল হলে ১২৫ তম পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে।চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে সাপ্তাহিক নিয়মিত সাহিত্য আসর এটি।

শুক্রবার সাড়ে পাঁচ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর “পদধ্বনি” অনুষ্ঠিত হয়। ১৪২৫তম এই আসরে করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ অনুষ্ঠান স্বাগত বক্তব্য দেন।

স্বরচিত লেখা পাঠ করেন তৌহিদ আকবর অন্তু, শওকত আলী,আশিকুজ্জামান আসাদ, সুমন মালিক, আবু আফজাল সালেহ, ইব্রাহিম খলিল,হোসেন মোহাম্মদ ফারুক, সুমন ইকবাল, গোলাম কবির মুকুল, অধ্যক্ষ শাহজাহান আলী বিশ্বাস,আহাদ আলী মোল্লা, কবি নজমুল হেলাল প্রমুখ। চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন অ্যাড. বজলুর রহমান।

পঠিত লেখার উপর আলোচনা করেন হেদায়োত উল্লাহ,আবু আফজাল সালেহ,আহাদ আলী মোল্লা, কাজল মাহমুদ,হোসেন মোহাম্মদ ফারুক, অ্যাড. বজলুর রহমান,অধ্যক্ষ শাহাজাহান আলী,নজির আহমেদ ও কবি নজমুল হেলাল।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের কাজল মাহমুদের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল বলেন প্রতি শুক্রবারে বিকালে অনুষ্ঠিত ‘পদধ্বনি’ আসরে লেখিয়ে বন্ধু সহ সকলকে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানান। সেই সাথে তিনি সাহিত্য আসরে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু আক্রান্ত ৩

চুয়াডাঙ্গায় শুক্রবার করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু হয়েছে এবং করোনা আক্রান্ত হয়েছেন আরও ৩ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার।

চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় করোনা উপসর্গ নিয়ে ১ জনের মৃত্যু হয়েছে। নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮১৬ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ শুক্রবার কোনো নমুনা সংগ্রহ করেনি । এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ৮৫৭ জন।এ দিকে ৩৩ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৭ হাজার ৭৩৫ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ৩ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮১৬ জনে। শুক্রবার ১৩ জন রোগী সুস্থ হয়েছেন । এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৩৫৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ১৫ জন আর বাড়িতে আছেন ২৩৩ জন। নতুন যে ৩ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ২ জন এবং দামুড়হুদায় উপজেলার ১ ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১১ শতাংশ।

দামুড়হুদায় “আমার গ্রাম আমার শহর” প্রকল্পে পাটাচোরা পার্কের উদ্বোধন

শিশুদের মানসিক ও শারীরিক বিকাশের জন্য দামুড়হুদা উপজেলায় “আমার গ্রাম আমার শহর” প্রকল্প বাস্তবায়নে পাটাচোরা পার্ক শুভ উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার ১১ টার সময় উচ্ছ্বসিত গ্রামবাসীর উপস্থিতিতে, স্বপ্নের মতো আবেগ নিয়ে স্বপ্নপুরনে দিনে ছুটে আসেন সুবলপুর, পাটাচোরা, রঘুনাথপুরসহ পার্শ্ববর্তী গ্রামের হাজার হাজার গ্রামবাসী। এসময় দামুড়হুদা উপজেলায় “আমার গ্রাম আমার শহর” প্রকল্প বাস্তবায়নে পাটাচোরা পার্ক শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

উক্ত পার্কের শুভ উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক জনাব মোঃ নজরুল ইসলাম সরকার বলেন ভবনের ফাঁকে হারিয়ে যাচ্ছে নগরীর মাঠ-ঘাট। শিশুদের মানসিক ও শারিরীক বিকাশের জন্য প্রয়োজনীয় বিনোদন স্থলগুলো হারিয়ে যাচ্ছে। এ পার্কের সৌন্দর্য ও রাইডারগুলোর রক্ষণাবেক্ষণের দায়িত্ব শুধু দর্শনার্থীদের, সবাই এর রক্ষণাবেক্ষণের মূল দায়িত্ব পালন করবেন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলার বিদায়ী নির্বাহী অফিসার দিলারা রহমান,জেলাপ্রশাসকের সহধর্মিনী সৈয়দা তাহমিনা, মোঃ কামাল উদ্দিন, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান। পার্ক উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা কৃষি কর্মকর্তা মোঃ আব্দুল মাজেদ প্রমূখ।

উল্লেখ্য, এক সময়ের খেয়া ঘাট নামে পরিচিত সুবলপুর-রঘুনাথপুর-পাটাচোরার মাথাভাঙ্গা-ভৈরব নদীর ত্রিমোহনায়, পাটাচোরা প্রান্তে এই পার্কের অবস্থান। বর্তমানে ঐতিহ্যবাহী রঘুনাথপুর-সুবলপুর ব্রীজের উপরে উঠলেই দেখা মিলবে পাটাচোরা পর্কের। এসকল গ্রামগুলোর অপরূপ সৌন্দর্য আপনাকে বিনোদনের ছোঁয়াদেবে, ইতিমধ্যে এসকল প্রামগুলো শহরের হাওয়া পড়তে শুরু করেছে।

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি’র অভিযান ১ কেজি গাঁজাসহ বিকাশ আটক

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি আওতাধীন উথলী বিওপি ক্যাম্পের সদস্যরা চুয়াডাঙ্গার আড়িয়া গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়েছে। অভিযান চালিয়ে গ্রামের চিহ্নিত মাদক সম্রাট বিকাশ চন্দ্র সাহাকে আটক করেছে।

আটককৃত বিকাশের বিরুদ্ধে মামলা দায়ের পূর্বক দর্শনা থানায় সোপর্দ করেছে বিজিবি। পালিয়ে গেছে একই গ্রামের হারুন ও ওহেদ আলী।

ঝিনাইদহ মহেশপুর ৫৮ বিজিবি’র আওতাধীন উথলী বিওপি ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার ভোর ৫টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ৬২ নং আড়িয়া গ্রামে। এসময় বিজিবি সদস্যরা গ্রামের মৃত গোরসাহার ছেলে শ্রী বিকাশ চন্দ্র সাহার বাড়ি তল্লাশী করে ১ কেজি গাঁজা উর্দ্ধার করেন। সেই সাথে আটক করেন বিকাশকে (৩৫)।

গ্রামবাসি জানায়, বিকাশ দীর্ঘদিন প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে মাদকের কারবার চালিয়ে আসছিলো। আটককৃত বিকাশের বিরুদ্ধে মামলা দায়ের পূর্বক মালামালসহ দর্শনা থানায় সোপর্দ করেছে বিজিবি। অপর দিকে বিজিবির উপস্থিতি টের পেয়ে বিকাশের সহযোগি একই গ্রামের আওলাদের ছেলে হারুন ও মৃত আব্দুর রহমানের ছেলে ওহেদ আলী পালিয়ে গেছে বলে গ্রামবাসি জানিয়েছে।